দৈনিক বাংলা

তারিখ ... ২০/৭/৭৪ ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৭ ...

# টেরিডেস হোমসের প্রাথমিক বিদ্যালয় উদ্বোধন

(স্টাফ রিপোর্টার)

আন্তর্জাতিক শিশু কল্যাণ সংস্থা টেরি ডেস হোমস-এর উদ্যোগে টঙ্গীর দত্তপাড়ায় মঙ্গলবার একটি প্রাথমিক বিদ্যালয় উদ্বোধন করা হয়েছে। নেদারল্যান্ডের চার্জ দ্য অ্যাফেয়ার্স মিঃ থে এই স্কুল উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন টেরি ডেস হোমসের পরিচালক জনাব মোসলেম আলী খান।

এ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব ফরিদউদ্দিন আহমদ বলেন, বাস্তুহারা ও দুস্থদের পুনর্বাসন ও কর্মসংস্থান একটি বিরাট সমস্যা। এই ব্যাপক সমস্যার সমাধানে বিদেশী ত্রাণ সংস্থার সহযোগিতার প্রয়োজন আছে।

পঞ্চম শ্রেণী পর্যন্ত এই স্কুলটিতে দুই শিফটে ছাত্রছাত্রীর সংখ্যা মোট নয়শত। উল্লেখ্য যে টেরি ডেস হোমস এধরনের অন্য একটি স্কুলও দীর্ঘদিন ধরে চালিয়ে আসছে।